

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি নির্দেশিকা বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি

Website: www.xiclassadmission.gov.bd

ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, দিনাজপুর,
ময়মনসিংহ এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড

সাধারণ নির্দেশনা

- ▶ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল কলেজ/মাদ্রাসা/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ইন্টারনেট অথবা মোবাইল SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।
- ▶ ১৩ মে হতে ২৪ মে, ২০১৮ তারিখের মধ্যে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ইন্টারনেট অথবা মোবাইল SMS অথবা উভয় পদ্ধতিতে আবেদন করা যাবে।
- ▶ ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমের সময়সূচি, ভর্তি নির্দেশিকা, আবেদনের নিয়মাবলী এবং ফলাফল নির্ধারিত ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd এবং স্ব স্ব বোর্ডের ওয়েবসাইট থেকেও জানা যাবে।
- ▶ এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন বা বাতিল করার অধিকার শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ▶ ইন্টারনেটে সর্বোচ্চ ১০টি কলেজ/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে আবেদনের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) আবেদন ফি প্রযোজ্য হবে। SMS-এর মাধ্যমে আবেদনের ক্ষেত্রে প্রতি আবেদনের জন্য ১২০/- (একশত বিশ টাকা) আবেদন ফি প্রযোজ্য হবে। ইন্টারনেটের মাধ্যমে আবেদনের জন্য টেলিটক/ রকেট/শিওরক্যাশ-এর মাধ্যমে ১৫০/- টাকা প্রদান করতে হবে। SMS এ আবেদনের জন্য শুধুমাত্র টেলিটক মোবাইলের মাধ্যমে ১২০/- টাকা প্রদান করতে হবে।
- ▶ ইন্টারনেট এবং SMS উভয় পদ্ধতি মিলে সর্বোচ্চ ১০টি প্রতিষ্ঠানে আবেদন করা যাবে তবে- একই প্রতিষ্ঠানের একাধিক শিফট/ভার্সন/গ্রুপে আবেদন করা যাবে। উদাহরণস্বরূপঃ কোন আবেদনকারী SMS-এ মাধ্যমে ১ম বার ৩ (তিন) টি কলেজ/সমন্বয় প্রতিষ্ঠানে আবেদন করেছে; পরবর্তীতে সে প্রয়োজনে ইন্টারনেটের মাধ্যমে আরও ৭(সাত) টি কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে।
- ▶ ইন্টারনেট/SMS আবেদনে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন/চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ▶ প্রথমবার আবেদনের সময় (ইন্টারনেট/SMS উভয় ক্ষেত্রেই প্রযোজ্য) শিক্ষার্থীকে একটি মোবাইল নম্বর দিতে হবে, যেটি শিক্ষার্থীর Contact Number হিসেবে বিবেচিত হবে। Contact Number টি শিক্ষার্থীর জন্য অতীব গুরুত্বপূর্ণ কেননা পরবর্তীতে শিক্ষার্থীর সকল যোগাযোগ ও আবেদনের জন্য কিংবা ইন্টারনেট এর মাধ্যমে আবেদন সংশোধনের জন্য এই Contact Number টির প্রয়োজন হবে।
- ▶ একাধিক শিক্ষার্থীর আবেদনে একই Contact Number ব্যবহার করা যাবে না অর্থাৎ ভিন্ন ভিন্ন শিক্ষার্থীর Contact Number ভিন্ন ভিন্ন হতে হবে। Contact Number টি পরিবর্তন করা যাবেনা, তাই এক্ষেত্রে যথেষ্ট সাবধানতা অবলম্বন করতে হবে যাতে এটি ভুল না হয়।
- ▶ শিক্ষার্থীদের আবেদনের (ইন্টারনেট/SMS) ক্ষেত্রে বিভিন্ন প্রতিষ্ঠানের Shift/ Version/Group অনুযায়ী পছন্দক্রম প্রযোজ্য হবে। SMS-এর মাধ্যমে আবেদনের ক্ষেত্রে SMS-এর সময়ক্রম অনুযায়ী পছন্দক্রম নির্ধারিত হবে। ইন্টারনেটে আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থী তার পছন্দক্রম সরাসরি ইনপুট দিতে পারবে (অর্থাৎ এন্ট্রি করতে পারবে)।
- ▶ ফলাফল প্রদানের পূর্বে নির্ধারিত সময়ের মধ্যে (১৩-২৪ মে, ২০১৮) ইন্টারনেটের মাধ্যমে সর্বোচ্চ ৫(পাঁচ) বার কলেজের পছন্দক্রম ও কলেজ পরিবর্তন করা যাবে। তবে এই সুবিধার আওতায় SMS-এর মাধ্যমে কৃত আবেদনসমূহের ক্ষেত্রে পছন্দক্রম পরিবর্তন করা গেলেও, কলেজ পরিবর্তন করা যাবে না। একবার প্রাথমিক নিশ্চায়নের পর আর কোন পরিবর্তন করা যাবে না।
- ▶ ৩ (তিন) টি পর্যায়ে ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে। একজন শিক্ষার্থীকে তার মেধা, কোটা ও পছন্দক্রমানুযায়ী একটি মাত্র কলেজের জন্য নির্বাচন করা হবে। নির্বাচিত শিক্ষার্থী নিজেই অন-লাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/- টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করবে। এক জন শিক্ষার্থী সর্বোচ্চ ২(দুই) বার অটোমাইগ্রেশনের জন্য বিবেচিত হবে। মাইগ্রেশন সর্বদাই পছন্দক্রমানুসারে উপরের দিকে যাবে।

